

স্নাতক অন্ত্য-সেমিস্টার পরীক্ষা, ২০২৫

তৃতীয় বর্ষ, দ্বিতীয় সেমিস্টার

বাংলা বিভাগ

কোর্স : ইউ.জি.- ৬.১

বিষয় : বিশ শতকের বাংলা গল্প ও অন্যান্য গদ্য

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

সব প্রশ্নের মান সমান

- ১। “এ বৌটার পরমাযু আছে, তাই কলেরায় মরলো না বাবা। পারেন তো নিজেই খেয়ে ফেলুন।” ভূতনাথের এই মন্তব্যের মধ্য দিয়ে ‘পয়োমুখম্’ গল্পে কৃষ্ণকান্ত চরিত্রের যে পরিচয় পাওয়া যায় তা ব্যাখ্যা করো। ১০

অথবা

- ২। পরশুরামের ‘হনুমানের স্বপ্ন’ গল্প অবলম্বনে গল্পকারের পুরাণভাবনার পাশাপাশি সমাজ সচেতনতার পরিচয় দাও। ১০

- ৩। তুমি কি মনে কর, ‘শুধু কেরানী’ ছোটগল্পে প্রেমেন্দ্র মিত্র যে নামহীন কেরানী দম্পতির আশা-আকাঙ্ক্ষার অশ্রুসজল কাহিনী রচনা করেছেন তার ভিতর বিশ্বযুদ্ধ পরবর্তী সমাজ বাস্তবতা প্রতিচ্ছবিত হয়েছে? যুক্তিসহ লেখো। ১০

অথবা

- ৪। তুমি কি মনে কর, ‘ছোট বকুলপুরের সংগ্রামী বীরদের প্রতি’ - এই শিরোনামে ইস্তাহার প্রাপ্তির পর ‘ছোট বকুলপুরের যাত্রী’ গল্পে একটি গুরুত্বপূর্ণ মাত্রা সংযোজিত হয়েছে? যুক্তিসহ লেখো। ১০

- ৫। বিনয় ঘোষের ‘রিকশা যাত্রী’ রচনাটিকে রম্যরচনা হিসেবে গণ্য করা যায় কি না যুক্তিসহ আলোচনা করো। ১০

অথবা

- ৬। স্বাধীনতা পরবর্তী ভাষা কমিশনের সুপারিশ অনুযায়ী রাষ্ট্রভাষা হিসাবে হিন্দিকেই রাখার কথা ভাবা হয়েছিল। কিন্তু প্রাবন্ধিক আবু সয়ীদ আইয়ুবের ‘হিন্দি ইংরেজি ও মাতৃভাষা’ প্রবন্ধে হিন্দির পরিবর্তে ইংরেজি আর অন্যান্য ভারতীয় আঞ্চলিক মাতৃভাষাগুলির স্বনির্ভর ব্যবহারের পক্ষে যুক্তি দেওয়া হয়েছে। এই যুক্তি কতটা সমর্থনযোগ্য সেটি প্রবন্ধ অবলম্বনে বিচার করো। ১০

- ৭। “সৈয়দ মুজতবা আলীর কলমে খাঁটি দেশী যাদু সেরা বিদেশী পালিশে সারাক্ষণ বাকঝক করছে।” এই মন্তব্যটি কি তুমি সমর্থন কর? তোমার পাঠ্য ‘চাচাকাহিনী’র যে কোনো দুটি গল্প অবলম্বনে বিষয়টি আলোচনা করো। ১০

অথবা

- ৮। ‘সুনন্দর জার্নাল’-এ ‘কমন ম্যান’-রূপে সুনন্দ কি কোনো সাহিত্যিক দায়বদ্ধতা পালন করেছিলেন বলে তুমি মনে কর? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ১০

★ ★ ★